মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

----

তারিখ: ৪ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.০০০.৫০১.৯৯.০০০১.২৫.২১

**বিষয়: বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৫-এ অংশগ্রহণপূর্বক শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য প্রেরণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত।**

সূত্র: বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-এর স্মারক নং-৩৭.২০.০০০০.০০৩.৩৫.১১৮.২৫/৪৬৫, তারিখ: ১৩-১০-২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক পরিচালিত বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৫-এ অংশগ্রহণ করে নির্ধারিত তারিখের মধ্যে তথ্য প্রদানের নিমিত্তে অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রদত্ত পত্রের আদেশ প্রতিপালনের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হলো।

২০-১০-২০২৫
প্রফেসর ড. মোসাম্মাৎ আসমা বেগম
চেয়ারম্যান
০২৪৭৭৭৬২৬৯৯
chairman@jessoreboard.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর-এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১১৮.২৫/ ৪৬০ | তারিখ: ২৮ আশ্বিন ১৪৩২ / ১৩ অক্টোবর ২০২৫

**বিষয়: বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৫ এর বিশেষ বুলেটিন প্রচার এবং শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য প্রেরণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষাতথ্য ও পরিসংখ্যান সংগ্রহ, সংকলন এবং সরবরাহের দায়িত্বে নিয়োজিত একমাত্র সরকারি সংস্থা। শিক্ষা সংশ্লিষ্ট পরিকল্পনা প্রণয়ন ও শিক্ষা ব্যবস্থাপকগণের চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করা, SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতসহ শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। এ লক্ষ্যে ব্যানবেইস প্রতিবছর দেশের প্রাথমিকোত্তর সকল শিক্ষাপ্রতিষ্ঠান থেকে Online Software ব্যবহারের মাধ্যমে তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করে ডাটাবেইস (database) হালনাগাদ করে থাকে। প্রতি বছরের ন্যায় এ বছরও Online Software ব্যবহারের মাধ্যমে দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ কার্যক্রম নিম্নোক্ত অঞ্চল ও তারিখ অনুযায়ী পরিচালিত হবে।

| শিক্ষা অঞ্চল | তথ্য সংগ্রহের মেয়াদ |
|---|---|
| ক) ঢাকা, ময়মনসিংহ ও সিলেট শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা | ২০-২৮ অক্টোবর ২০২৫ |
| খ) কুমিল্লা, চট্টগ্রাম ও খুলনা শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা | ২৯ অক্টোবর -০৬ নভেম্বর ২০২৫ |
| গ) রাজশাহী, রংপুর ও বরিশাল শিক্ষা অঞ্চলের ২২ টি জেলা | ০৭-১৫ নভেম্বর ২০২৫ |

০২। সঠিক সময়ে Bangladesh Education Statistics ও SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রকাশ, শিক্ষা সংশ্লিষ্ট নির্দেশক প্রস্তুত (Key Performance Indicator), শিক্ষা মন্ত্রণালয়সহ বিভিন্ন দপ্তর ও অধিদপ্তরের চাহিত তথ্য, কারিগরি শিক্ষা সেক্টর পারফরম্যান্স মনিটরিং ফ্রেমওয়ার্ক (SPMF) এর তথ্য এবং UNESCO INSTITUTE for STATISTICS (UIS)'সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থায় তথ্য প্রদানের জন্য উল্লিখিত সময়ের মধ্যে দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস এর সার্ভারে অন্তর্ভুক্ত করা প্রয়োজন। নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তি না হলে, E-Government Development Index (EGDI) ও অন্যান্য আন্তর্জাতিক সূচকে বাংলাদেশের সঠিক অবস্থান প্রতিফলিত হয় না। তাই দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস এর সার্ভারে সঠিক সময়ে আপলোড হওয়া অত্যাবশ্যক।

০৩। বর্ণিতাবস্থায়, ক) ব্যানবেইস কর্তৃক পরিচালিত বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৫ এ অংশগ্রহণ করে নির্ধারিত তারিখের মধ্যে তথ্য প্রদানের নিমিত্ত বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান; এবং
খ) শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে এ সংক্রান্ত বিশেষ বুলেটিন প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(প্রফেসর মোঃ গোলাম ফিরোজ)
পরিচালক (পরিসংখ্যান)
ফোন: +৮৮-০২- ৪১০৬০৭৩৩
E-mail: feroze.rupkotha@gmail.com

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/
চট্টগ্রাম/ সিলেট/ রাজশাহী/ বরিশাল/ যশোর/
দিনাজপুর/ কুমিল্লা/ ময়মনসিংহ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। অফিস কপি।